



সংবাদ বিজ্ঞপ্তি

নোবিপ্রবি অফিসার্স এসোসিয়েশনের বার্ষিক সাধারণ সভা অনুষ্ঠিত

নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (নোবিপ্রবি) অফিসার্স এসোসিয়েশনের বার্ষিক সাধারণ সভা আজ মঙ্গলবার (২৪ জানুয়ারি ২০২৩) বীর মুক্তিযোদ্ধা হাজী মোহাম্মদ ইদ্রিস অডিটোরিয়ামে অনুষ্ঠিত হয়েছে। নোবিপ্রবি অফিসার্স এসোসিয়েশনের সাধারণ সম্পাদক মেজবাহ উদ্দিন পলাশের সঞ্চালনায় সভায় সভাপতিত্ব করেন অফিসার্স এসোসিয়েশনের সভাপতি সাখাওয়াত হোসেন।

এসময় আরও উপস্থিত ছিলেন, নোবিপ্রবি রেজিস্ট্রার (অ.দা.) মোহাম্মদ জসীম উদ্দিন, নোবিপ্রবি অফিসার্স এসোসিয়েশনের কার্যকরী কমিটির সদস্যবৃন্দ ও নোবিপ্রবির কর্মকর্তাবৃন্দ।

অনুষ্ঠানে সভাপতির বক্তব্যে সাখাওয়াত হোসেন বলেন “কর্মকর্তাদের অধিকার আদায়ে নোবিপ্রবি অফিসার্স এসোসিয়েশন কার্যকর ভূমিকা পালন করে আসছে। বর্তমান এসোসিয়েশনও সূচাররূপে দায়িত্ব পালন করতে বদ্ধ পরিকর। এ বিশ্ববিদ্যালয়কে আরও এগিয়ে নিতে কর্মকর্তাগণ নিরলসভাবে কাজ করে যাচ্ছেন। মাননীয় প্রধানমন্ত্রী দেশরত্ন শেখ হাসিনার ভিশন-২০৪১ বাস্তবায়নে সবাইকে ঐক্যবদ্ধভাবে কাজ করতে হবে। আজকের এ সাধারণ সভায় উপস্থিত সকল কর্মকর্তাবৃন্দকে ধন্যবাদ জ্ঞাপন করছি। জয় বাংলা, জয় বঙ্গবন্ধু”।

পরে সাধারণ সম্পাদক কর্তৃক বার্ষিক প্রতিবেদন উপস্থাপন করা হয় এবং এসোসিয়েশনের নতুন সদস্যদের ফুল দিয়ে বরণ করা হয়।

R. Kader

রায়হান কায়সার হাশেম

সহকারী রেজিস্ট্রার

জনসংযোগ ও প্রকাশনা দপ্তর

নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়।